

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
তথ্য অধিদফতর (পিআইডি)



আঞ্চলিক তথ্য অফিস, ময়মনসিংহ



সংবাদকক্ষ : ০২-৯৯৬৬৬১৩৭০ E-mail- pidmymensingh@gmail.com, Facebook: Pid Mymensingh

তথ্য বিবরণী

নম্বর: ৪০

**ময়মনসিংহ বিভাগীয় বইমেলা- ২০২৩ এর সমাপনী অনুষ্ঠিত**

ময়মনসিংহ (২৮ সেপ্টেম্বর)

আজ বৃহস্পতিবার ময়মনসিংহ টাউন হল প্রাঙ্গণে ময়মনসিংহ বিভাগীয় বইমেলা-২০২৩ এর সমাপনী অনুষ্ঠিত হয়েছে। সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের পৃষ্ঠপোষকতায়, বাংলাদেশ পুস্তক প্রকাশক ও বিক্রেতা সমিতির সহযোগিতায় এবং ময়মনসিংহ বিভাগীয় প্রশাসনের ব্যবস্থাপনায় বিভাগীয় বইমেলা- ২০২৩ অনুষ্ঠিত হয়।

বইমেলায় ১০টি সরকারি ও ৫১টি বেসরকারি পুস্তক প্রকাশক প্রতিষ্ঠানসহ মোট ৬১টি প্রতিষ্ঠান অংশগ্রহণ করে। প্রতিদিন বেলা ৩টা থেকে ৯টা পর্যন্ত বইমেলা অনুষ্ঠিত হয়। উৎসবমুখর পরিবেশে আয়োজিত মেলায় ছাত্র, শিক্ষক, সুশীল সমাজের প্রতিনিধিসহ ময়মনসিংহ বিভাগের জেলা ও উপজেলাসমূহের জনগণ স্বতঃস্ফূর্তভাবে অংশগ্রহণ করে। বিভাগের সকল পর্যায়ের বইপ্রেমীদের অংশগ্রহণের মধ্য দিয়ে প্রাণবন্ত পরিবেশে বইমেলা অনুষ্ঠিত হয়। বইমেলায় অংশগ্রহণকারী পুস্তক প্রকাশক ও বিক্রেতাগণও বইমেলায় বইবিক্রিতে নিজেদের সন্তুষ্টির কথা জানিয়েছেন। পুস্তক প্রদর্শনীর পাশাপাশি মেলা উপলক্ষে কচিকাঁচার উৎসব, কুইজ, বিতর্ক এবং চিত্রাংকন প্রতিযোগিতার আয়োজন করা হয়। মেলা অনুষ্ঠানের প্রতি সন্ধ্যায় বিভিন্ন শিল্পগোষ্ঠীর পরিবেশনায় মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠান পরিবেশিত হয়।

উল্লেখ্য, বৃষ্টিজনিত বিঘ্নতার কারণে এবং বইপ্রেমী ময়মনসিংহবাসীর দাবির প্রেক্ষিতে ২২-২৮ সেপ্টেম্বর পর্যন্ত বইমেলার সময় নির্ধারিত থাকলেও নির্ধারিত সময়ের অতিরিক্ত ৩০ সেপ্টেম্বর ২০২৩, শনিবার পর্যন্ত বইমেলার সময় দুইদিন বৃদ্ধি করা হয়েছে।

সমাপনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন গৃহায়ন ও গণপূর্ত প্রতিমন্ত্রী শরীফ আহমেদ। প্রধান অতিথি বলেন, বই মানুষের সর্বোত্তম সঙ্গী, একান্ত বন্ধু। জ্ঞান আহরণের একমাত্র মাধ্যম বই। তথ্যপ্রযুক্তির উৎকর্ষের যুগে বই পড়ার গুরুত্ব অন্য সময়ের তুলনায় বেশি। কিন্তু বাস্তবতা হচ্ছে, বিশ্বায়নের যুগে নতুন প্রজন্মের মধ্যে বই পড়ার অভ্যাস হ্রাস পাচ্ছে। বই পড়ার অনভ্যাসের ফলে মানুষের মধ্যে নৈতিক মূল্যবোধ, পরস্পরের প্রতি সহমর্মিতা হারিয়ে যাচ্ছে। ময়মনসিংহ বইমেলা ভালো মানের পাঠকবৃদ্ধিতে সহায়তা করবে বলে তিনি উল্লেখ করেন। বক্তব্যকালে প্রতিমন্ত্রী প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বে আজ বাংলাদেশ পদ্মা সেতু, এলিভেটেড এক্সপ্রেসওয়ে, মেট্রোরেলের মত প্রকল্প বাস্তবায়নের মধ্য দিয়ে উন্নয়নের পথে এগিয়ে চলেছে বলেও জানান।

ময়মনসিংহ বিভাগীয় কমিশনার উম্মে সালামা তানজিয়া অনুষ্ঠানে সভাপতি হিসেবে বক্তব্যকালে ময়মনসিংহ বিভাগীয় বইমেলা- ২০২৩ আয়োজনের সাথে সংশ্লিষ্ট সকলকে আন্তরিক ধন্যবাদ জ্ঞাপন করেন।

অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন ময়মনসিংহ সিটি কর্পোরেশনের মেয়র মোঃ ইকরামুল হক টিটু। তিনি বলেন, বইমেলা বইয়ের প্রতি, বই পড়ার প্রতি আকৃষ্ট হতে সহায়তা করে। শিশুদের মেধাবিকাশে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখে। বইয়ের আবেদন চিরকালীন। প্রযুক্তি বইয়ের ব্যবহার কমাতে পারেনি।

সমাপনী অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে আরো বক্তব্য রাখেন ময়মনসিংহ জেলা প্রশাসক মোঃ মোস্তাফিজার রহমান, মমিনুন্নিসা সরকারি মহিলা কলেজ ময়মনসিংহের অধ্যক্ষ মোহাম্মদ আবু তাহের, বাংলাদেশ আওয়ামী লীগ ময়মনসিংহ জেলা শাখার সভাপতি এহতেশামুল আলম, সাধারণ সম্পাদক অ্যাডভোকেট মোয়াজ্জেম হোসেন বাবুল, সম্মিলিত সাংস্কৃতিক জোট ময়মনসিংহের সভাপতি কবি ফরিদ আহমদ দুলাল, বাংলাদেশ পুস্তক প্রকাশক ও বিক্রেতা সমিতির পরিচালক আব্দুর রব মোশারফ।

সমাপনী অনুষ্ঠান শেষে ময়মনসিংহ বিভাগীয় বইমেলা-২০২৩ উপলক্ষে আয়োজিত বিভিন্ন প্রতিযোগিতায় বিজয়ীদের মধ্যে পুরস্কার বিতরণী অনুষ্ঠিত হয়।

#

রিদওয়ান/দেওয়ান/সজিব/২০২৩/১৯.৪০ ঘণ্টা